# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 18 July, 2025

গণঅভ্যুথান দিবস-২০২৫ উপলক্ষে বাগেরহাটে শহীদদের স্মরণে আয়োজিত হলো বর্ণাঢ্য মিনি ম্যারাথন।

শুক্রবার (১৮ জুলাই) সকাল ৯টায় দড়াটানা সেতু টোল প্লাজা থেকে শুরু হওয়া এই ম্যারাথনের উদ্বোধন করেন বাগেরহাটের জেলা প্রশাসক আহমেদ কামরুল আহসান।

উদ্বোধনের সঙ্গে সঙ্গেই ম্যারাথনে অংশগ্রহণকারীরা শহররক্ষা বাঁধ হয়ে শহীদ মিনারের সামনে দিয়ে স্বাধীনতা উদ্যানে গিয়ে শেষ করেন দৌড় ।দৌড়ে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করেন।

স্বাধীনতা উদ্যানে প্রথম থেকে দশম স্থান অধিকারকারীদের হাতে মেডেল ও পুরস্কার তুলে দেওয়া হয়।পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ আরিফুল ইসলাম।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ শামীম হোসেন, জেলা বিএনপির সাবেক সভাপতি এমএ সালাম, যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক আব্দুল কাদের, জেলা ক্রীড়া অফিসার হুসাইন আহমাদ এবং বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন বাগেরহাট জেলা শাখার নেতা এস.এম সাদ্দাম হোসেন।

এই আয়োজন বাগেরহাটবাসীর মধ্যে ব্যাপক উদ্দীপনা সৃষ্টি করে এবং শহীদদের স্মরণে এক অনন্য সম্মান প্রদর্শন করে।

মিনি ম্যারাথন বাগেরহাট

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:00

URL: https://timestodaybd.com/public/across-the-country/9441664942